

“শেখ হাসিনার নির্দেশ  
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়  
ময়মনসিংহ বন বিভাগ।



স্মারক নং- ২২.০১.০০০০.৬২৪.০৮.০০১.২২.

তারিখঃ ১০/২০২২ খ্রিঃ।

বিষয়ঃ ঘূর্ণিঝড়ের ক্ষয়ক্ষতির বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : আবহাওয়া অধিদপ্তর কর্তৃক প্রচারিত ২৪/১০/২০২২ খ্রিঃ তারিখের বিশেষ বুলেটিন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত বিশেষ বুলেটিনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পূর্ব মধ্য বঙ্গোপসাগরে সৃষ্ট গভীর নিম্নচাপের কারণে আবহাওয়া অধিদপ্তর কর্তৃক চট্টগ্রাম ও কক্সবাজার জেলার সকল উপকূলীয় এলাকা, দ্বীপ ও চরাঞ্চলের জন্য ০৭ নম্বর সর্তক সংকেত ঘোষণা করা হয়েছে। যার প্রভাব অত্র বন বিভাগের অধিক্ষেত্রাধীন এলাকায় দেখা যাচ্ছে। এমতাবস্থায় আপনার আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে বিশেষ সর্তকতা অবলম্বন করার জন্য পরামর্শ প্রদান করা হলো। প্রচারিত আবহাওয়ার বিশেষ বুলেটিনে বর্ণিত ঘূর্ণিঝড় “সিত্রাং” এর ঘোষণা অনুযায়ী আপনার অধিক্ষেত্রাধীন এলাকায় বন/বনাঞ্চলের কোন প্রকার ক্ষয়ক্ষতি সাধিত হলে পতিত গাছপালা চুরি না হয় তার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও পতিত গাছপালা রাস্তায় পড়ে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি হলে তা স্থানীয় প্রশাসন ও ফায়ার সার্ভিসের সহায়তায় দ্রুত অপসারণ করে সরকারি অফিস হেফাজতে আনয়ন ও লট আকারে সাজানোসহ এবং ক্ষয়ক্ষতির বিবরণ অত্র দপ্তরে স্থাপিত নিয়ন্ত্রণ কক্ষের (কন্টোল রুমের) ফোন নাম্বরে জানাতে অনুরোধ করা হলো।

১) সহকারী বন সংরক্ষক  
সদর, ভালুকা জোন, জামালপুর শেরপুর নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলা  
ময়মনসিংহ বন বিভাগ।

২) রেঞ্জ কর্মকর্তা  
সদর, রসুলপুর, ভালুকা, উথুরা, দুর্গাপুর  
রাংটিয়া, বালীজুরী ও মধুটিলা রেঞ্জ।  
ময়মনসিংহ বন বিভাগ।

৩) ভারপ্রাপ্ত কর্মকর্তা  
কিশোরগঞ্জ/করিমগঞ্জ/নেত্রকোনা/জামালপুর  
শেরপুর/শ্রীবরদী/গোরিপূর/নান্দাইলও কৃষি বিশ্ব বিঃ এসএফএনটিসি  
ময়মনসিংহ বন বিভাগ।

স্বাক্ষর  
(এ.কে.এম রহুল আমিন)  
বিভাগীয় বন কর্মকর্তা  
ময়মনসিংহ বন বিভাগ

স্মারক নং- ২২.০১.০০০০.৬২৪.০৮.০০১.২২. ৩৬৩২

তারিখঃ ১০/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ০১) বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, বনভবন, মহাখালী, ঢাকা।
- ০২) জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৩) পুলিশ সুপার, ময়মনসিংহ।

স্বাক্ষর  
(এ.কে.এম রহুল আমিন)  
বিভাগীয় বন কর্মকর্তা  
ময়মনসিংহ বন বিভাগ

২৪/১০/২২